



## আরও পেছাল যশোর শিক্ষা বোর্ড

প্রকাশিত: ২০ - জুলাই, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥ এইচএসসি পরীক্ষার ফলাফলে গত বছরের চেয়ে আরও পিছিয়েছে যশোর বোর্ড। দু'বছরের ব্যবধানে পাসের হার কমেছে ২৩ শতাংশ। এ বছর এইচএসসি পরীক্ষায় যশোর বোর্ডে পাসের হার ৬০ দশমিক ৪০ শতাংশ। গত বছর এই হার ছিল ৭০ দশমিক ০২ ভাগ। আর ২০১৬ সালে ৮৩ দশমিক ৪২ ভাগ পাসের হার নিয়ে দেশসেরা হয়েছিল যশোর বোর্ড। পাসের হারের পাশাপাশি জিপিএ-৫ প্রাপ্তিও কমেছে। এ বছর জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৮৯ জন। গতবছর জিপিএ-৫ পেয়েছিল ২ হাজার ৪৪৭ জন। আর ২০১৬ সালে এই সংখ্যা ছিল ৪ হাজার ৫৮৬। বৃহস্পতিবার দুপুরে প্রকাশিত ফলাফলে এ চিত্র উঠে এসেছে। যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র এ ফলাফল নিশ্চিত করে জানিয়েছেন, ইংরেজীতে ফলাফল খারাপ হওয়ায় তা সার্বিক ফলাফলে প্রভাব ফেলেছে। যশোর বোর্ডের প্রকাশিত ফলাফল থেকে জানা যায়, এ বছর যশোর বোর্ড থেকে ১ লাখ ৯ হাজার ৬৯২ শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিয়েছে। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৬৬ হাজার ২৫৮ জন। উত্তীর্ণদের মধ্যে ছাত্র ৩১ হাজার ৬৫২ এবং ছাত্রী ৩৪ হাজার ৬০৬ জন। পাসের হার ৬০ দশমিক ৪০। জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ৮৯ জন। বহিষ্কৃত হয়েছে ৪৭ জন। শিক্ষাবোর্ডের তথ্য অনুযায়ী, এ বছর যশোর বোর্ডে বিজ্ঞান বিভাগ থেকে ১৯ হাজার ৩০৪ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হয়েছে ১৫ হাজার ৬১৮ জন। পাসের হার ৮০ দশমিক ৯১ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৫৮৪ জন। মানবিক বিভাগ থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল ৬৮ হাজার ৮৯৮ জন। উত্তীর্ণ হয়েছে ৩৫ হাজার ৭২৮ জন। পাসের হার ৫১ দশমিক ৮৬ ভাগ। এই বিভাগ থেকে জিপিএ-৫ পেয়েছে ৩৩৮ জন। ব্যবসায় শিক্ষা বিভাগের ২১ হাজার ৪৯০ ছাত্রছাত্রীর মধ্যে পাস করেছে ১৪ হাজার ৯১২ জন। পাসের হার ৬৯ দশমিক ৩৯ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ১৬৭ ছাত্রছাত্রী। সারাদেশের গড় ফলাফলের তুলনায় যশোর বোর্ডের ফলাফলও নিম্নমুখী।

এবারের ফলাফলের চিত্র তুলে ধরে যশোর শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মাধব চন্দ্র রুদ্র জানান, এইচএসসি পরীক্ষায় এ বছর কোন ধরনের প্রশ্নপত্র ফাঁসের খবর পাওয়া যায়নি। সব মহলের সহযোগিতায় প্রশ্ন ফাঁসের অপতৎপরতা রুখে দেয়া সম্ভব হয়েছে। এজন্যও পাসের হার কিছুটা কমেছে। তবে ভাল শিক্ষার্থীরা ফলাফল ভাল করেছে। তার প্রমাণ জিপিএ-৫ প্রাপ্তি কমেছে মাত্র ৩শ'র মতো।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: